

নম্বর-০৪.৪১৬.০৮৩.০০.০০.০৩১.২০১০. ২২৬

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৩
১১ জুলাই ২০১৬

পরিপত্র

বিষয়: বিদেশস্থ বাংলাদেশ মিশনে বিশেষ ধরনের উইং/সেটআপ-এ কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত নীতিমালা সংশোধন।

মন্ত্রিপরিষদ বিভাগের ১৮.১২.১৯৯৩ তারিখের মপবি/রিপোর্ট/বিদেশস্থ/৪(৫)৯৩-১৭৯(১৩) সংখ্যক পরিপত্রের মাধ্যমে বিদেশস্থ বাংলাদেশ মিশনে বিশেষ ধরনের উইং/সেট-আপ-এর কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত নীতিমালা জারি করা হয়। পরবর্তীতে ১৮.০২.১৯৯৭ তারিখের মপবি/রিপোর্ট/বিদেশস্থ/৪(৫)৯৩-৯ সংখ্যক পরিপত্রে উক্ত নীতিমালায় কতিপয় সংশোধনী আনয়ন করা হয়। নীতিমালার কতিপয় বিষয়ের অস্পষ্টতা দূরীকরণ/যৌক্তিকীকরণের লক্ষ্যে উক্ত নীতিমালার অনুচ্ছেদ নম্বর ২.৪, ৫.১, ৫.২ ও ৫.৩ সংশোধনক্রমে নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হল:

"২.৪। বিদেশে বাংলাদেশ মিশনে বিশেষ ধরনের উইং/সেট-আপভুক্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের নিয়ন্ত্রণাধীন যেকোন পদের জন্য সমযোগ্যতাসম্পন্ন পদের (অর্থাৎ দ্বিতীয় সচিব, প্রথম সচিব, কাউন্সিলর এবং মিনিষ্টার) সমান চাকুরি অভিজ্ঞতা এবং কেবল সমতুল্য গ্রেডে কর্মরত বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তাগণ আবেদন করিতে পারিবেন। অর্থাৎ দ্বিতীয় সচিব পদের জন্য জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডপ্রাপ্ত কর্মকর্তা; প্রথম সচিব পদের জন্য জাতীয় বেতন স্কেলের ষষ্ঠ গ্রেডে কমপক্ষে দুই বছরের চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তা; কাউন্সিলর পদের জন্য জাতীয় বেতন স্কেলের পঞ্চম গ্রেডপ্রাপ্ত এবং ন্যূনতম দশ বছরের চাকুরি এবং মিনিষ্টার পদের জন্য জাতীয় বেতন স্কেলের ৩য় গ্রেড প্রাপ্ত এবং ন্যূনতম পনের বছরের চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তা আবেদন করিতে পারিবেন।"

"৫.১। শিক্ষাগত যোগ্যতা

সর্বোচ্চ নম্বর-১০

এস.এস.সি.

প্রথম বিভাগ

৩

দ্বিতীয় বিভাগ

২

তৃতীয় বিভাগ

০

এইচ.এস.সি.

প্রথম বিভাগ

৩

দ্বিতীয় বিভাগ

২

তৃতীয় বিভাগ

০

স্নাতক/স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর

(সর্বোচ্চ শ্রেণি প্রাপ্ত যে কোন একটি পরীক্ষা)

প্রথম শ্রেণি

৪

দ্বিতীয় শ্রেণি

৩

তৃতীয় শ্রেণি

২

শিক্ষা মন্ত্রণালয় বা বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন অনুসৃত পাবলিক বিশ্ববিদ্যালয়ের স্ট্যান্ডার্ড কনভার্সন পদ্ধতি অনুসরণ করিয়া সিজিপিএ বা লেটার গ্রেড সমন্বিত ফলাফল শ্রেণি বা বিভাগে রূপান্তর করা যাইবে।"

"৫.২। চাকুরির অভিজ্ঞতা
প্রতিবৎসর (১ম শ্রেণি/৯ম গ্রেড
ও তদূর্ধ্ব পদে) চাকুরির জন্য

সর্বোচ্চ নম্বর-১৫

৩য় সচিবের ক্ষেত্রে	৫
২য় সচিবের ক্ষেত্রে	৩
১ম সচিবের ক্ষেত্রে	২
কাউন্সিলরের ক্ষেত্রে	১.৫
মিনিষ্টারের ক্ষেত্রে	১ "

"৫.৩। বার্ষিক গোপনীয় অনুবেদনসহ
চাকুরির রেকর্ডপত্র পর্যালোচনা

সর্বোচ্চ নম্বর-২৫

বিগত পাঁচ বৎসরের বার্ষিক গোপনীয় অনুবেদনের গড়ের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাকে সর্বোচ্চ ২৫ নম্বর দেওয়া হইবে। অর্থাৎ পূর্ববর্তী পাঁচ বৎসরের বার্ষিক গোপনীয় অনুবেদনের গড়ের ভিত্তিতে উক্ত নম্বর নির্ণীত হইবে। তবে, কোন ক্ষেত্রে চার বৎসরের বার্ষিক গোপনীয় অনুবেদন পাওয়া গেলে সেইক্ষেত্রে চার বৎসরের ভিত্তিতে গড় নম্বর নির্ণীত হইবে। "

০২। উপর্যুক্ত সংশোধনী অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।



রিয়াসাত আল ওয়াসিফ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪০৯৭১

ই-মেইল: general_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
৬. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৭. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা
৯. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ৭১-৭২, নিউ ইস্কাটন গার্ডেন, ঢাকা

অনুলিপি:

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ
৩. অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন ও বিধি), মন্ত্রিপরিষদ বিভাগ
৫. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ



রিয়াসাত আল ওয়াসিফ
সিনিয়র সহকারী সচিব